

উত্তরা ব্যাংক পিএলসি

আঞ্চলিক কার্যালয়, বগুড়া অঞ্চল।

অর্থস্বর্ণ আদালত আইন-২০০৩ ইং এর ১২(৩) ধারার বিধান মতে

নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মোঃ শাহজাহান আলী, পিতা-মৃত-এমাজ উদ্দিন সরকার, মাতা-মৃত সাজেদা বেগম, ব্যবসায়িক ঠিকানা-পুলহাট, সদর, দিনাজপুর। তার নিজ মালিকানাধীন মেসার্স রুয়েল ট্রেডার্স নামীয় ব্যবসা প্রতিষ্ঠানের নামে উত্তরা ব্যাংক পিএলসি, পুলহাট শাখা হতে সিসি (হাইপো) ঋণ গ্রহন করেছিলেন, যা মেয়াদ উত্তীর্ণ হয়ে খেলাপী ঋণে পরিণত হয়। উক্ত ঋণের জামানত হিসাবে নিম্নে উল্লেখিত তফসিল বর্ণিত সম্পত্তি ব্যাংকের নিকট রেজিস্ট্রি বন্ধক রাখেন। বারবার তলব ও তাগাদা দেয়া সত্ত্বেও ঋণ গ্রহিতার নিকট হতে ব্যাংকের পাওনা টাকা আদায় করা সম্ভব হয়নি। ২১.০৩.২০২৪ইং তারিখ পর্যন্ত সুদসহ ব্যাংকের সর্বমোট পাওনা টাকা ৫২,৭৭,৩৯০.৭৫ (বায়ান্ন লক্ষ সাতাত্তর হাজার তিনশত নব্বই টাকা পঁচাত্তর পয়সা) মাত্র। ঋণ নেওয়ার সময় ঋণ গ্রহীতা/বন্ধকদাতাগণ বন্ধকীকৃত সম্পত্তি বিক্রি করার ক্ষমতা ব্যাংককে প্রদান করেন। তার/তাদের প্রদত্ত ক্ষমতাবলে এবং উল্লিখিত আইনের বিধান মতে নিম্ন তফসিল বর্ণিত স্থাবর সম্পত্তি বিক্রি করার জন্য সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে। আগ্রহী ক্রেতাগণ কর্তৃক যে কোন একটি তফসিল অথবা সকল তফসিলে দরপত্রে অংশ গ্রহন করতে পারবে, যাহা আগামী ২১/০৫/২০২৪ইং তারিখ বেলা ১ (এক) ঘটিকার মধ্যে ব্যাংকের পুলহাট শাখায় রক্ষিত বাক্সে দরপত্র জমা করতে অথবা খামের উপর “সম্পত্তি ক্রয় দরপত্র” লিখে সরাসরি/রেজিস্ট্রি ডাকযোগে উক্ত শাখায় প্রেরণ করতে হবে এবং ঐদিন বেলা ৩ (তিন) ঘটিকার সময় দরপত্র দাতা কিংবা তাদের প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র সমূহ খোলা হবে। দরপত্র অবশ্যই শর্তমুক্ত হতে হবে। বন্ধকীকৃত সম্পত্তি ক্রয়ের জন্য উত্তরা ব্যাংক পিএলসি এর অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট অথবা পে-অর্ডার আকারে নিম্নরূপ জামানত দরপত্রের সাথে দাখিল এবং বর্ণিত পরিশোধ সূচী অনুযায়ী বাকী টাকা পরিশোধ করতে হবে।

দরপত্রের উদ্ধৃত মূল্য	জামানত	দরপত্রের বাকী টাকা পরিশোধের সময়সীমা
অনূর্ধ্ব টাকা ১০,০০,০০০/-	২০%	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিন
টাকা ১০,০০,০০১/- হইতে অনূর্ধ্ব টাকা ৫০,০০,০০০/-	১৫%	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিন
টাকা ৫০,০০,০০০/- এর অধিক	১০%	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিন

দরপত্র গৃহীত হওয়ার পর উপরোল্লিখিত সময়ের মধ্যে বাকী টাকা পরিশোধে ব্যর্থ হলে জামানতের টাকা ব্যাংকের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। প্রকাশ থাকে যে, দরপত্রের উল্লেখিত মূল্য অপরিাপ্ত বা কম প্রতীয়মান হলে অথবা কোন কারণ দর্শানো ব্যতিরেকেই ব্যাংক কর্তৃপক্ষ যেকোন/সকল দরপত্র বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

তফসিল ভুক্ত সম্পত্তির উপর কোন সরকারী, আধাসরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান যথা সিটি কর্পোরেশন, ওয়াসা, পিডিবি, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান ইত্যাদির যে কোন পাওনা বা দাবি থাকলে তা পরিশোধের কোন দায়-দায়িত্ব অত্র ব্যাংকের উপর বর্তাবে না। এ ছাড়া দরপত্র দাতাকে রেজিস্ট্রেশন সংক্রান্ত খরচ, স্টাম্প ডিউটি ও অন্যান্য গুরু যদি থাকে এবং দলিল নিবন্ধন সংক্রান্ত যাবতীয় ব্যয় বহন করতে হবে।

তফসিল সম্পত্তি

মৌজা-মাঝিপাড়া, জে.এল.নং-১০৫, উপজেলা-সদর, জেলা-দিনাজপুর।

খতিয়ান নং- সি.এস-১৫১, এস.এ-১৫১, আর.এস-৩১৭, দাগ নং-সি.এস/এস.এ-১০২/৫৬৩, আর.এস-৫২১, জমির শ্রেণী-বাণিজ্যিক জমি সহ তদুপরিস্থিত যাবতীয় স্থাপনাদী, জমির পরিমান-৭.৩০ শতাংশ

আঞ্চলিক প্রধান ও
চেয়ারম্যান, টেন্ডার কমিটি।